

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০৫ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ/২০ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.২৭০০.০৪২.২৭.০১২.১৮-১২৭৭—যেহেতু, দিনাজপুর জেলা পরিষদের ৯নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ মোস্তাফিজুর রহমান গত ০৮-০৮-২০২০ তারিখ বিকালে দিনাজপুর সদর ভিআইপি ডাকবাংলোর ২য় তলার ৪নং কক্ষে তরল মদ সেবনসহ ২ জন মহিলার সাথে অনৈতিক কার্যকলাপে লিপ্ত হওয়ার অভিযোগে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১) ধারায় [ক্রমিক-১৬] দিনাজপুর কোতয়ালী থানায় ০৮-০৮-২০২০ তারিখের রঞ্জুকৃত ২০নং মামলায় পুলিশ কর্তৃক তার গ্রেফতার হওয়ার তথ্যাদি দিনাজপুর জেলা পরিষদের গত ১০-০৮-২০২০ তারিখের জেপদি/তিন-৭৩/২০২০-২১/৯৪৮নং স্মারকে পাওয়া গিয়াছে যা জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০(১)(খ) ও ১০(১)(ঙ) ধারার অপরাধের শামিল;

যেহেতু, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, ওয়ার্ড নং-৯, জেলা পরিষদ, দিনাজপুর এর বিরুদ্ধে জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০(১)(খ) ও ১০(১)(ঙ) ধারার অপরাধের প্রাথমিক সত্যতা পাওয়ায় একই আইনের ধারা ১০(২) অনুযায়ী তাকে অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে;

(৮৫৫৩)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, ওয়ার্ড নং-৯, জেলা পরিষদ, দিনাজপুর এর বিরুদ্ধে জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০(২) ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম আরম্ভ হওয়ায় তার দ্বারা জেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, জেলা পরিষদ আইন, ২০০০ {জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ দ্বারা সংশোধিত} এর ১০ক ধারা অনুযায়ী দিনাজপুর জেলা পরিষদের ৯নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ মোস্তাফিজুর রহমানকে জনস্বার্থে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

এ কে এম মিজানুর রহমান

উপসচিব।